দৈনিক ইত্তেফাক
তারিখ 21 NOV 2013
পৃষ্ঠা ৫ কলাম ৬

# কুবি'র নিয়োগ কার্যক্রম আরো ৬ মাস স্থগিত

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সকল নিয়োগ কার্যক্রম আবারও স্থগিত করেছে মহামান্য হাইকোর্ট। ১৯ নভেম্বর মঙ্গলবার আগামী ছয় মাসের জন্য কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সকল নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার আদেশ দেয় হাইকোর্ট। এর আগে ৭ অক্টোবর লোকপ্রশাসন বিভাগের সভাপতি মাসুদা কামালের এক রিটে কুবির সকল নিয়োগ ও পদোন্নতি স্থগিত করে হাইকোর্ট। হাইকোর্টের ঐ আদেশের ওপর স্থগিতাদেশ চেয়ে আপিল বিভাগের চেম্বার জজ আদালতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আবেদনের প্রেক্ষিতে হাইকোর্টের আদেশের ওপর ১০ অক্টোবর স্থগিতাদেশ দেয় চেম্বার জজ আদালত।